BREAKING NEWS LIVE

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF) তৈরি: 19 Nov 2026, 03:46 PM

খেলা

আফগানিস্তানের বিপক্ষে টস জিতে ব্যাটিংয়ে বাংলাদেশ

প্রতিবেদক: alamin dhakaprobe
প্রকাশের তারিখ: শুক্রবার, ০৯ অক্টোবর ২০২৬, ১২:২১ PM



আফগানিস্তানের বিপক্ষে টস জিতে ব্যাটিংয়ে বাংলাদেশ

লাল বলের ক্রিকেটে আজ মাঠে নামছে বাংলাদেশ জাতীয় ক্রিকেট দল। আফগানিস্তানের বিপক্ষে একমাত্র টেস্টে আবুধাবির শেখ জায়েদ স্টেডিয়ামে মুখোমুখি হচ্ছে দুই দল। টস জিতে প্রথমে ব্যাটিংয়ের সিদ্ধান্ত নিয়েছেন বাংলাদেশ অধিনায়ক নাজমুল হোসেন শান্ত। ম্যাচটি শুরু হবে বাংলাদেশ সময় বেলা ১২টায়।

শান্তর নেতৃত্বে বাংলাদেশ একাদশে রয়েছেন অভিজ্ঞ ও তরুণ ক্রিকেটাররা। ব্যাটিংয়ে আছেন লিটন দাস, মুশফিকুর রহিম ও মোমিনুল হকের মতো অভিজ্ঞ খেলোয়াড়। অলরাউন্ডার মেহেদী হাসান মিরাজের সঙ্গে স্পিন আক্রমণে রয়েছেন তাইজুল ইসলাম ও নাঈম হাসান। পেস বিভাগ সামলাবেন হাসান মাহমুদ ও এবাদত হোসেন।

অন্যদিকে রহমত শাহর নেতৃত্বে মাঠে নামছে আফগানিস্তান। দলটিতে রয়েছেন অভিজ্ঞ হাসমাতুল্লাহ শাহিদি ও ইকরাম আলিখিল। স্পিন

আক্রমণে আছেন কায়েস আহমেদ ও জিয়া-উর-রহমান আকবর। পেস বিভাগে দায়িত্ব পালন করবেন ইয়ামিন আহমদজাই ও মোহাম্মদ সালিম সাফি।

বাংলাদেশ একাদশ: নাজমুল হোসেন শান্ত (অধিনায়ক), লিটন দাস (উইকেটরক্ষক), মুশফিকুর রহিম, মেহেদী হাসান মিরাজ, সাদমান ইসলাম, তানজিদ হাসান তামিম, মোমিনুল হক, নাঈম হাসান, হাসান মাহমুদ, তাইজুল ইসলাম ও এবাদত হোসেন।

আফগানিস্তান একাদশ: রহমত শাহ (অধিনায়ক), ইকরাম আলিখিল (উইকেটরক্ষক), হাসমাতুল্লাহ শাহিদি, আব্দুল মালিক, সেদিকুল্লাহ আতাল, জিয়া-উর-রহমান আকবর, শহীদুল্লাহ কামাল, ইয়ামিন আহমদজাই, কায়েস আহমেদ, মোহাম্মদ সালিম সাফি ও ইসমাত আলম।

এ বিভাগের আরও খবর



মিরপুর টেস্টে ৮ উইকেটে হারল বাংলাদেশ

মিরপুর টেস্টে ওয়েস্ট ইন্ডিজের কাছে ৮ উইকেটের বড় ব্যবধানে হেরেছে বাংলাদেশ। শনিবার (৩১ অক্টোবর) শেরে বাংলা জাতীয় ক্রিকেট স্টেডিয়ামে চতুর্থ...



অস্ট্রেলিয়াকে রিকেলটনের চ্যালেঞ্জ, জয় নয়তো হার

জয় কিংবা পরাজয়।কোনোটির বাইরে অন্য কোনো ফল দেখতে চান না দক্ষিণ আফ্রিকার ব্যাটার রায়ান রিকেলটন। অস্ট্রেলিয়ার বিপক্ষে সিরিজের তৃতীয় ও শেষ টেস্ট...



আলোকস্বল্পতায় বন্ধ খেলা, বাংলাদেশের লিড ১০৬

মিরপুর টেস্টের তৃতীয় দিনে ওয়েস্ট ইন্ডিজকে অলআউট করে দ্বিতীয় ইনিংসে ব্যাট করতে নেমেছিল বাংলাদেশ। কিন্তু ক্যারিবীয় স্পিনারদের সামনে শুরুতেই বি...



৯৯ রানে সাদমান, প্রথম দিনে বাংলাদেশের সংগ্রহ ২১৩

মিরপুর টেস্টের প্রথম দিনে সেঞ্চুরি থেকে মাত্র এক রান দূরে থাকতে আলোকস্বল্পতার কারণে খেলা বন্ধ হয়ে গেছে; প্রথম দিন শেষে বাংলাদেশের সংগ্রহ ৩ উ...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://seradealbd.com/sports/afganistaner-bipkshe-ts-jite-bjatingye-bangladesh